উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।

## উখিয়া উপজেলা পরিষদের জুলাই ২০২২খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ অধ্যক্ষ হামিদুল হক চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, উখিয়া

তারিখ ও সময় ঃ ৩১/০৭/২০২২ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ টা

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন এবং স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) খাতের অর্থায়নে স্কীম গ্রহণ করা হয়েছে। সমুদয় কাজ প্রায় শেষ । ২০২২-২০২৩ অর্থবছরের নতুন স্কীম দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। অদ্যাবধি কোন ইউনিয়ন হতে কোন স্কীমের প্রাথমিক তালিকা পাওয়া যায় নি। স্কীমের তালিকা পাওয়া গেলে যাচাই বাছাই করাসহ প্রাক্কলন প্রস্তুত করিতে অনেক সময় লাগে ইহাতে বছরের শেষ সময়ে তড়িগড়ি করে স্কীম অনুমোদন ক্রমে কাজ বাস্তবায়নের সময় বর্ষা মৌসুম চলে আসে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) খাতের অর্থায়নে নতুন স্কীম দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল'কে অনুরোধ করা হয়।। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | | (খ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ অফিসে প্রবেশ পথে গাড়ী পার্কিং করে রাখেন ইহাতে অফিসের শৃঙ্খলা ভংগ হয়। তাই গাড়ী গুলি যেখানে সেখানে না রেখে একটি নির্দিষ্ট স্থানে রাখার ও গাড়ীগুলি রাত্রে নিরাপদে রাখার জন্য একটি গ্যারেজ আবশ্যক। বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ই-ট্রেনিং সেন্টারের পূর্বপার্শ্বের খালী জায়গায় একটি গ্যারেজ নির্মাণ করার জন্য মোট ৪,০০,০০০.০০(চার লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত স্থানে গ্যারেজ নির্মাণ করা হলে ৩(তিন)টি সরকারী গাড়ী ও মটর সাইকেল রাখা যেতে পারে। প্রাক্কলন অনুমোদিত হলে দরপত্র আহবান করা যেতে পারে। অর্থের উৎস্য হিসেবে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব খাতের ২০২২-২০২৩)এর বরাদ্দ হতে স্কীম অনুমোদন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের গাড়ীগুলো নিরাপদে রাখার জন্য পার্কিংসহ গাড়ীর গ্যারেজ নির্মাণের মোট ৪,০০,০০০.০০(চার লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, উখিয়া। |
| | | (গ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন সম্প্রসারণ কাজ সমাপ্ত প্রায়। ভবনে প্রবেশ রাস্তাসহ গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনে প্রবেশ পথে পাহাড়ের প্রাদদেশে প্রয়োজনীয় গাইড ওয়াল/রেটেইনিং ওয়াল নির্মাণ করার জন্য প্রাক্কলন আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উখিয়া। |
| ০২. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়িত প্রকল্পের বিবরণ নিম্নরূপঃ<br>১। মুজিব শতবর্ষ উপলক্ষে ২০২১-২২ অর্থ বছরে ৩য় পর্যায়ে "ভূমিহীন ও গৃহহীন (ক-শ্রেণির) পরিবারের জন্য বরাদ্দ পাওয়া গেছে। ২৬৩টি গৃহের কাজ সম্পূর্ণ হয়েছে।<br>২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫দিন (২০ মে হতে ২৩ জুলাই ২০২২) মৎস্য আহরণ নিষিদ্ধকালীন সময়ে মৎস্য আহরণে বিরত থাকা ৩,৮৯২ জেলেদের পরিবার প্রতি ৩০ কেজি হারে ২৩ দিনের জন্য ২য় কিস্তিতে মোট ১১৬.৭৬ মে.টন বিশেষ ভিজিএফ চাল বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় হতে অনুমোদিত কার্ডধারী এবং সমুদ্রগামী ৩,৮৯২টি জেলে পরিবারের তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকার বিপরীতে ইউনিয়ন চেয়ারম্যানের অনুকূলে ডিও (ছাড়পত্র) ২৬/০৭/২২খ্রি. তারিখে প্রদান করা হয়। মৎস্য ভিজিএফ চাল বিতরণ শতভাগ সম্পাদন | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে গৃহীত প্রকল্পসমূহ নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক গুনগতমান বজায় রেখে শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,উখিয়া, কক্সবাজার। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে।<br>৩। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩২,৩৭,৮৯৯/৬৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে যা ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক শতভাগ সম্পাদন করা হয়েছে।<br>৪। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৪২,১৪,২৪৪/৯৪ টাকা, ২৮.০৯৫২ মে.টন (চাল), ২৮.০৯৫২ মে.টন (গম) বরাদ্দ পাওয়া গেছে যা ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক উপবরাদ্দ প্রদান করা হয়েছে। | | |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া সভায় জানান,<br>১। উপজেলা কৃষি অফিসারের কার্যালয় ও কৃষক প্রশিক্ষণ কেন্দ্রের নবনির্মিত ভবনের সামনের সংযোগ সড়কটি অত্যন্ত সরু হওয়ার সেখানে কৃষকের পণ্য পরিবহনকারী যানবাহন প্রবেশ করা কষ্টসাধ্য। যার ফলে এ সড়কটি প্রশস্ত করার ব্যাপারে সভায় প্রস্তাবনা রাখা হয়। এ ব্যাপারে উপজেলা পরিষদের অর্থায়নে একটি প্রকল্প নেয়ার প্রস্তাবনা করা হয়।<br>২। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ০৭টি হস্তান্তরিত মন্ত্রণালয়ের/ বিভাগের জনবলের ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স এর নির্ধারিত কক্ষে বসে কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে। এই নির্দেশনার প্রেক্ষিতে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পত্র মারফত, সরেজমিনে অবহিত করা হয় ও সভায় চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>৩। সার বীজ সহ গুরুত্বপূর্ণ কৃষিজ পণ্য রাখার জন্য কোন স্থায়ী বা অস্থায়ী গোডাউন নেই। যার ফলে উন্মুক্ত স্থানে রাখলে পণ্য গুলো বিনষ্ট হওয়ার সম্ভবনা থাকে যা কৃষিবান্ধব সরকারের উদ্দেশ্য ব্যহত করবে। এই বিষয়ে উপজেলা পরিষদ চত্বরে একটি স্থায়ী/অস্থায়ী গোডাউন করার ব্যাপারে প্রস্তাবনা করা হয়।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদে বরাদ্দকৃত কক্ষ চেয়ারম্যান(ইউপি) কর্তৃক বুঝিয়ে দেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া। |
| ০৪. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া সভায় জানান যে-<br>১. কমিউনিটি ক্লিনিকঃ- চালুকৃত সিসি- ১৮টি<br>২. স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমঃ-<br>ক) বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ১২০৫৪ জন<br>খ) অন্তঃবিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৯১৬ জন<br>গ) জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৩৮৬৪ জন<br>ঘ) মোট শয্যা ব্যবহারের হার- ১২৫.৭৩%<br>ঙ) স্বাভাবিক প্রসব-১২৮ জন<br>(হাসপাতালে- ২১, সাব সেন্টারে- ৫৬, কমিউনিটি ক্লিনিকে- ১০, পরিবার পরিকল্পনা বিভাগে- ৪১ জন)<br>চ) সিজারিয়ান- ২৭জন<br>৩. এমআইএস রিপোর্টিং হারঃ- ১০০%<br>৪. আইএমসিআই ও পুষ্টি কর্ণারঃ-<br>ক) অনলাইন রিপোর্টিং হার- ১০০% খ) মোট চিকিৎসাপ্রাপ্ত রোগী-৭০৫ জন (ছেলে ৩৮৮ জন, মেয়ে ৩১৭ জন)<br>৫. টিবিঃ-<br>ক) মোট প্রিজাম্পটিভ রোগী- ৪২৭ জন খ) মোট রোগী- ৩৬ জন<br>গ) পজেটিভ- ৩০ জন ঘ) নেগেটিভ ও অন্যান্য- ০৬ জন<br>ঙ) মৃত্যু- ০০ জন<br>৬. এমপিডিএসআরঃ-<br>ক) নবজাতকের মৃত্যু- নাই খ) মাতৃ মৃত্যু- নাই<br>গ) শিশু মৃত্যু- নাই ঘ) ডেথ নোটিফিকেশন- নাই<br>ঙ) ভারভাল অটপসি- নাই<br>৭. নিরাপদ খাদ্য বিভাগঃ-<br>ক) রেস্টুরেন্ট পরিদর্শন- ৩২টি খ) মুদির দোকান- ২২টি<br>গ) মাংসের দোকান- ০৩টি ঘ) মাছের দোকান- ০৪টি<br>ঙ) সন্দেহজনক খাদ্য নমুনা সংগ্রহ- ০২টি চ) চালের দোকান/গোডাউন- ০৩টি<br>ছ) কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা প্রদান- ৫০ জন<br>জ) নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা সেশন- ০৫টি<br>৮. কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য- মোট ডাক্তার ১৯ জন<br>ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা- ০১ জন<br>খ) জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিওলজী)- ০১ জন<br>গ) মেডিকেল অফিসার- ০৮ জন<br>ঘ) ডেন্টাল সার্জন- ০১ জন<br>(৪২ তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে নতুন ০৮ জন নতুন সহকারী সার্জন সংযুক্তিতে পদায়ন করা হয়)<br>৯. কোভিড-১৯ পরিস্থিতি ঃ (ক) স্থানীয় ৪৭৭০ জন, (খ) রোহিঙ্গা- ৫১১৮ জন<br>১০. কোভিড-১৯ এর মৃত্যু ঃ (ক) স্থানীয়- ২৫ জন, (খ) রোহিঙ্গা- ৩৯ জন<br>১১. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (কোভিশিল্ড)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৬১৯২ জন, (২) মহিলা ২৯২৫ জন | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শতভাগ সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫৫২৭ জন, (২) মহিলা ২৬৭৮ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১১৫৩ জন, (২) মহিলা ৯৩৫ জন<br>১২. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোফার্ম- ভেরো সেল)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪২৮২৯ জন, (২) মহিলা ৪২৩৭৮ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪৪৩৪১ জন, (২) মহিলা ৪৫১২৭ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>১৩. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোভ্যাক)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪৮২০ জন, (২) মহিলা ২৬৯২২ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২২৪২৪ জন, (২) মহিলা ২৬১২৮ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>১৪. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (ফাইজার)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৬৫৪ জন, (২) মহিলা ১৭৯৭০ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৩৫৮ জন, (২) মহিলা ১৭২২১ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১০৯৮৬ জন, (২) মহিলা ১১০১৩ জন<br>১৫. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (মডার্ণা)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫২৯০ জন, (২) মহিলা ৩৬১০ জন | | |
| ০৫. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া সভায় জানান, ২০২২ সালের স্থগিতকৃত এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা আগামী ১৫ সেপ্টেম্বর থেকে শুরু হবে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি পরীক্ষা আগামী ১৯ই আগষ্ট থেকে শুরু হবে। উখিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণ করা ও বিষয় ভিত্তিক শিক্ষা (বাংলা, ইংরেজী, গণিত, বিজ্ঞান) কর্মশালার আয়োজন করার গুরুত্ব সম্পর্কে তুলে ধরা হয়। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস সমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম ও শিক্ষার গুণগত মান ঠিক রাখার জন্য আরো জোরদার কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া। |
| ০৬. | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | ১। উখিয়া উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘরে সুপেয় পানির জন্য গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। ১ম ও ২য় পর্যায়ের ২৩ টি কাজ শেষ হয়েছে। ইতোমধ্যে হস্তান্তর হয়েছে। ৩য় পর্যায়ের ০৫ টি পানির উৎস স্থাপনের কাজ শেষ এবং পানি টেষ্টের জন্য কক্সবাজার ল্যাবে পাঠানো হয়েছে। | ১। সম্পাদিত সকল পানির উৎস দ্রুত হস্তান্তরের সিদ্ধান্ত হয়েছে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ২। উখিয়া উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কোভিড- ১৯ এর কথা মাথায় রেখে জীবাণুনাশক কার্যক্রম চলমান। উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে সমন্বয় করে করা হচ্ছে। পাশাপাশি সাবান বিতরণ করা হবে।মাধ্যমিক বিদ্যালয় সমূহে পাকা বেসিন নির্মাণের কাজ চলমান। | ১। দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>ও<br>উপজেলা শিক্ষা অফিসার |
| | | ৩। 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প' (২০২০-২০২১) অর্থ-বছরের ২য় বরাদ্দের আওতায় ০৫টি ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া গেছে। ১৩০টির মধ্যে ১৩০টি কাজ সমাপ্ত হয়েছে এবং হস্তান্তর হয়েছে। | ১। দ্রুত কাজ বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তত্ত্বাবধায়ক যদি নলকূপ এর Head পরিবর্তে Submersible ব্যবহার করে। তাতে জটিলতা হলে তার দ্বায়ভার তত্ত্বাবধায়ক বহন করবে।<br>৩। বিধি বিধান মোতাবেক সাইট বরাদ্দের সিদ্ধান্ত হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৪। কোভিড- ১৯ উপলক্ষ্যে উখিয়া উপজেলার বিভিন্ন স্থানে অধিক জনসমাগণপূর্ণ জায়গায় পানির প্রাপ্যতার উপর ভিত্তি করে চাহিদার প্রেক্ষিতে হাত ধোয়ার বেসিন (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে স্থাপন এর কাজ চলমান ।বিভিন্ন গুরুত্বপূর্ণ অফিসে Removeble Hand wash Basin স্থাপন করা হয়েছে। এবং তা O&M চালু আছে। | ১। সকল কাজ শেষ এবং হস্তান্তর হয়েছে। সব গুলোর Maintainance কাজ চলমান।<br>২। নিয়মিত পর্যবেক্ষণ করা হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,<br>উপজেলা শিক্ষা অফিসার ও<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,উখিয়া |
| | | ৫। পালংখালী সারফেস ওয়াটার ট্রিমমেন্ট প্লান্ট, পাইপ লাইন, ট্যাপস্যান্ড রিজার্ভারের কাজ চলমান।উক্ত কাজের 400mm dia কাজ শেষ হয়েছে।তা শিঘ্রই Commission করা হবে। | ১। দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, উখিয়া |
| | | ৬। (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলায় প্রাথমিক ভাবে ২টি পানি সরবরাহ নেটওয়ার্ক স্থাপন করবে। উক্ত প্রত্যেকটি পানি সরবরাহ নেটওয়ার্ক এর মাধ্যমে (৫০০০*২) = ১০,০০০ লোক এর নিত্য প্রয়োজনীয় নিরাপদ পানির ব্যবস্থা করতে সক্ষম হবে।ইতোমধ্যে জালিয়া পালং এবং রাজা পালং এ সাইট নির্বাচন সম্পন্ন হয়েছে।উক্ত কাজের উৎপাদক নলকূপ স্থাপন চলমান। | ১। প্রাথমিক ভাবে ১টি জালিয়াপালং অন্যটি রত্নাপালং ইউনিয়ন এ বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে কাজ সম্পাদনের | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২।চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সিদ্ধান্ত হয়। | |
| | | ৭। ১। (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলার স্যানিটেশন সুবিধা বঞ্চিত লোকদের স্যানিটেশন সুবিধা নিশ্চিতে 'পাকা টয়লেট' নির্মাণ কার্যক্রম হাতে নিয়েছে। ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উপজেলা WATSAN কমিটির অর্ন্তভুক্ত সদস্যদের মাধ্যমে সাইট নির্বাচনের জন্য তালিকা প্রণয়নের কাজ চলমান। পরবর্তীতে (EMCRP-DPHE) এর নিযুক্ত কনসালটেন্ট সদস্যদের মাধ্যমে সঠিকভাবে যাচাই কবাছুই পূর্বক চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে।ইতোমধ্যে ৫৮০ টি চূড়ান্ত যাচাই বাচাই করা হয়েছে।<br>২।উক্ত টয়লেট সমূহ দরিদ্র সুবিধা বঞ্চিত এবং যাদের টয়লেট নেই এমন বাড়িতে দেওয়া হচ্ছে।স্থানীয় জনপ্রতিনিধি এবং কনসালটেন্ট টীম এর সহযোগীতায় টয়লেট এর সাইট নির্ধারিত হয়েছে।কোন প্রকার পাকা বাড়িতে টয়লেট স্থাপন করা যাবেনা।<br>৩।উক্ত টয়লেটের জন্য কোন প্রকার টাকা সংগ্রহ করা যাবেনা।কোন স্থানে এরূপ অভিযোগ পাওয়া গেলে দ্রুত সংশ্লিষ্ট অফিসে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।<br>৪।উক্ত কাজ সচ্ছতার সাথে সম্পাদন করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগীতার জন্য অনুরোধ করেন। | ১। প্রকৃত উপকার ভোগী নির্ধারণে সহায়তা করার ব্যাপারে সভার পক্ষ হতে আশ্বস্ত করা হয়।<br>২। কাজের গুণগত মানের ধারাবাহিকতাবজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ইতোমধ্যে ০৫ টি ইউনিয়নে কাজ শুরু হয়েছে।<br>৪। সুশিলন এনজিও ও IWM টীম কাজ তদারকি করবে। | ১।উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২।<br>চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৮। ১। (EMCRP-DPHE ) প্রকল্পের মাধ্যমে সরকার এর প্রতিশ্রুতি বাস্তবায়নে SDG ও লক্ষ্য মাত্রা অর্জনে গ্রাম পর্যায়ে নিরাপদ পানি কমিউনিটি ভিত্তিক নিশ্চিত করণের লক্ষ্যে কমিনিটি টিউবওয়েল নিমার্ণ করা হবে। প্রতিটি টিউবওয়েল হতে পার্শ্ববর্তী নূন্যতম ১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান করা হবে বলে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভাকে অবহিত করেন।ইতোমধ্যে ০৫ টি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর মাধ্যমে ৫০ টি সাইট নির্বাচন করা হয়েছে। কাজ চলমান ।<br>২।টিউবওয়েল থেকে গড়ে ১০ টি বাড়িতে ট্যাপস্ট্যান্ডের মাধ্যমে সুপেয় পানি সেবা নিশ্চিত করা হবে।<br>৩।উক্ত টিউবওয়েলের জন্য সরকার নির্ধারিত ১০০০০/-(দশ হাজার টাকা) স্থানীয় সোনালী ব্যাংক শাখায় সরকারি কোষাগারে জমা দিতে হবে।<br>৪।নির্ধারিত প্রকৌশল ফির অতিরিক্ত কোন টাকা না দেওয়ার জন্য সভার সবাইকে অবহিত করেন এবং সর্তক থাকার জন্য অনুরোধ করা হয়। | ১। দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রতিবন্ধি,বিধবা,দরিদ্র ওসুবিধা বঞ্চিতদের অগ্রাধীকার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। অক্টোবর -২০২১ এর মধ্যে লিখিত আকারে সাইট লিষ্ট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সাইট লিষ্ট প্রদানে ০৫ টি ইউনিয়নকে বিবেচনা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২।<br>চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৯। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"এর ২০২১-২০২২ এর কমিউনিটি ভিত্তিক পানি স্থাপনের জন্য উপজেলা পরিষদের বরাদ্দ ০৯ টি তালিকা সরবরাহকৃত চিঠির নির্দেশনা অনুযায়ী DPHE Ukhiya অফিসকে প্রদান করতে উপজেলা পরিষদকে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অনুরোধ করেন।ইতোমধ্যে তালিকা পাওয়া গেছে। দ্রুততম সময়ে কাজ শুরু করা হবে। | ১। কাজ দ্রুততম সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা WATSAN কমিটি।<br>২। ইউনিয়ন WATSAN কমিটি। |
| | | ১০। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"(৩য় বরাদ্দ) ২০২১-২০২২খ্রিঃ অর্থ-বছরের আওতায় প্রতি ইউনিয়নে (২৬*৫) =১৩০ টির মধ্যে ৫০% করে ৬৫টি ইউনিয়ন WATSAN কমিটি থেকে প্রতি তালিকা উপজেলা WATSAN কর্তৃক অনুমোদন করতে হবে। ইতোমধ্যে জালিয়া পালং,রত্নাপালং,হলদিয়া পালং,রাজা পালং,পালংখালী ০৫ টি ইউনিয়ন হতে (৫*১০)=৫০ টি তালিকা পাওয়া গেছে। উপজেলা পরিষদ এর ১৫ টি তালিকা পাওয়া গেছে। কাজ শুরু হয়ে গেছে | ১। কাজ এর গুণগতমান ঠিক রেখে দ্রুত সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।<br>চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>২।<br>চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ১১। উখিয়া উপজেলায় স্থাপিত নলকূপ সমূহের আর্সেনিক ঝুঁকি নিরশনে প্রকল্প থেকে আর্সেনিক টেষ্ট করা হবে।এর জন্য উপজেলা প্রশাসনের সহযোগীতায় ইউনিয়ন পরিষদ হতে টেষ্টার নিয়োগ দেওয়া হবে।প্রশিক্ষণের জন্য উপজেলা ও ইউনিয়ন পরিষদে প্রশিক্ষন ও সভার আয়োজন করা হবে। | ১। দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| | | ১২। উপজেলা ওয়াশ সেক্টর এর কার্যক্রম নিয়মিত মনিটরিং হচ্ছে কিনা এবং কোন সমস্যা থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করার অনুরোধ করেন ।সভায় ওয়াশ সেক্টরে কর্মরত এনজিওদের তালিকা দেওয়া হয়। | ১। উপজেলা এবং সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের সাথে ইউনিয়ন পরিষদ একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ১৩। দুর্যোগ প্রস্তুতি ঃ- বর্তমান দূযোগ এর মৌসুম চলমান বিধায় দাপ্তরিক সর্বোচ্চ প্রস্তুতি নিয়ে রেখেছে। | ১। সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া সভায় বলেন যে,<br>১। ২০২১-২২ অর্থ বছরের ১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২,০০,০০০/- ট (দুই লক্ষ) টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যালয়ের মেরামত কাজ সমাপ্ত এবং ৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াফাই রাউটার বিতরণ করা হয়েছে।<br>২। ২০২১-২২ অর্থ বছরে উপবৃত্তি চাহিদা অনলাইন এন্ট্রি করা হয়েছে এবং প্রাথমিক বিদ্যালয়ে জমি সংক্রান্ত জটিলতা নিরসনের নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয়ের জমি সংক্রান্ত জটিলতা নিরসনের নিমিত্তে ইউনিয়ন পরিষদের চেয়ারবৃন্দের সহযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া। |

<table>
<tr>
<td>০৮.</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া সভায় বলেন-<br>অত্র উপজেলায় কার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৭৭টি।<br>অকার্যকর সমিতির সংখ্যা- ৩৭টি।<br>অকার্যকর সমিতি বাতিল করার জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে।<br>মোট প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ২১৪টি।<br>কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা- ০২টি।<br>বর্তমানে উক্ত সমিতিতে ১৫,১৯০ জন সদস্য আছে।<br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত অডিটসেস আদায় ২১২০/-টাকা।<br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ ৪৫২০/-টাকা।<br>আলোচ্য নিরীক্ষা বর্ষে বরাদ্ধকৃত ১৬৯টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্ধ প্রদান করা হয় এবং ১৬টি অডিট সম্পন্ন করা হয়।
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>প্রকল্পের নাম</th><th>আদায়যোগ্য (ক্রমপুঞ্জিভূত)</th><th>আদায় (ক্রমপুঞ্জিভূত)</th><th>খেলাপী ঋণের পরিমাণ</th><th>শতকরা হার</th></tr>
<tr><td rowspan="3">উখিয়া</td><td>আশ্রয়ণ</td><td>১৫,৬৩,০০০/-</td><td>১২,৮০,৯৩৪/-</td><td>২,৮২,০৬৬/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ (ফেইজ-২)</td><td>২১,৩১,০০০/-</td><td>১৬,৫৭,৭৫৭/-</td><td>৪,৭৩,২৪৩/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ-২</td><td>--</td><td>--</td><td></td><td>--</td></tr>
</table>
এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া।</td>
</tr>
<tr>
<td>০৯.</td>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া নিম্নোক্তভাবে সেবা কার্যক্রম উপস্থাপন করেনঃ<br>১। চিকিৎসা সেবা কার্যক্রম:<br>ক) গবাদি প্রাণি- ১৪৪৯টি, খ) হাঁস/মুরগি- ৮৩৫৭টি (গ) পোষা প্রাণি-০৫টি<br>২। রোগ প্রতিরোধ (টিকা প্রদান):<br>ক) গবাদি প্রাণি- ১৭২৪ মাত্রা, খ) হাঁস/মুরগি- ২২০০০ মাত্রা<br>৩। কৃত্রিম প্রজনন: ক) গবাদি প্রাণি- ২২৩ টি<br>৪। প্রশিক্ষণ প্রদান- ০০ জন<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন হচ্ছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে সেবাপ্রার্থীদের যথাযথ ও আন্তরিক সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া।</td>
</tr>
<tr>
<td>১০.</td>
<td>উপজেলা বন বিভাগ</td>
<td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া সভায় বলেন<br>উপজেলা প্রশাসন ও বন বিভাগ, উখিয়া উপজেলা কর্তৃক ০১/০৭/২০২২খ্রি: হইতে ৩১/০৭/২০২২খ্রি: পর্যন্ত (জুন/২০২২খ্রি:) মাসে পরিচালিত অভিযানের তথ্যাদি নিম্নোক্ত ছক মোতাবেক
<table>
<tr><th>অভিযান</th><th>তারিখ</th><th>জব্দকৃত বনজদ্রব্য মালামালের বিবরণ</th><th>জব্দকৃত পণ্যের মূল্য (আনুমানিক)</th><th>আসামীর সংখ্যা</th><th>দায়েরকৃত মামলা</th><th>স্থান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ইউ.ডি.ও. আর ০১/উখি</td><td>১৫/০৭/২০২২</td><td>জাম গোলকাঠ- ১৩.৪৫ ঘ:ফু</td><td>৩,৩৬৬/-</td><td>-</td><td>১টি</td><td>দোছড়ি</td><td>---</td></tr>
<tr><td>পি.ও. আর ০২/উখি</td><td>২৯/০৭/২০২২</td><td>ঢেউ টিন-১০ টি( ১০ ফুট) ইট-৫০০টি, বাটাম-২০০ ফু: (১"*২")</td><td>৫,০০০/-<br>৪,০০০/-<br>৬,০০০/-</td><td>১ জন</td><td>১টি</td><td>উখিয়া সদর বিট</td><td>---</td></tr>
<tr><td>পি.ও.আর ০৩/উখি</td><td>২৯/০৭/২০২২</td><td>ইট-৭০০টি</td><td>৫,৬০০/-</td><td>১ জন</td><td>১টি</td><td>উখিয়া সদর বিট</td><td>---</td></tr>
<tr><td>পি.ও.আর ০৪/উখি</td><td>২৯/০৭/২০২২</td><td>ইট-৪০০টি</td><td>৩,২০০/-</td><td>১ জন</td><td>১টি</td><td>উখিয়া সদর বিট</td><td>---</td></tr>
<tr><td>পি.ও. আর ০৫/উখি</td><td>৩০/০৭/২০২২</td><td>ঢেউ টিন-০৫ টি( ৮ ফুট) ইট-২০০টি, বাটাম-৫০ ফু: (১"*২")</td><td>২,৫০০/-<br>১,৬০০/-<br>১,৫০০/-</td><td>১ জন</td><td>১টি</td><td>উখিয়া সদর বিট</td><td>---</td></tr>
<tr><td colspan="3">মোট=</td><td>৩৫,৪৬৬/-</td><td>৫ জন</td><td>৬টি</td><td>---</td><td></td></tr>
</table></td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে বন ও বন্য পশু পাখি রক্ষায় আর ও জোরদার কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া</td>
</tr>
<tr>
<td>১১.</td>
<td>উপজেলা মৎস্য অফিস</td>
<td>উপজেলা মৎস্য অফিসার, উখিয়া সভায় বলেন যে, চলিত মাসে অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। অফিস পর্যায়ে ৩৫ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় উপকরণ ও মাছের পোনা সংগ্রহে চাষিকে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের আওতায় সমুদ্র উপকূলে কোষ্ট গার্ডের সহযোগিতায় সমুদ্র উপকূলীয় ইনানী বড় খাল ঘাট, মোঃ শফিরবিল এলাকা, ইনানী ঝাউবাগান ঘাট এলাকা, সোনারপাড়াঘাট, রেজুঘাট এবং মনখালী, মাদারবনিয়া ও ছেপটখালী এলাকার বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে প্রায় ৩,০০০ মিটার কারেন্ট জাল ও ০৩টি চরঘেরা জাল জব্দ এবং তা জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। তাছাড়া চলতি সময়ে গত ২০ মে/২০২২খ্রিঃ হতে ২৩ জুলাই/২০২২ খ্রি পর্যন্ত মোট ৬৫ দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ করা হয়েছে। উক্ত কার্যক্রমে প্রচার-প্রচারণার অংশ হিসেবে সমগ্র উখিয়া উপজেলায় বিশেষভাবে জালিয়াপালং ইউনিয়নের সমুদ্র উপকূলীয় এলাকায় অভিযান</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম আরো জোরদার করার এবং লক্ষ্য অর্জনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে উপজেলা মৎস্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মৎস্য অফিসার, উখিয়া।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিচালনা করা হচ্ছে। মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ (২৩-২৯ জুলাই) পর্যন্ত বিভিন্ন অনুষ্ঠানাদি পালিত হয়। এছাড়া বিভিন্ন মাঠ পর্যায়ে চাষি সংযোগ. মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পরামর্শ কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ১২. | উপজেলা সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উখিয়া জানান যে,<br>১। সামাজিক নিরাপত্তাঃ<br>ক। ২০২১-২০২২ অর্থ বছরের সকল কার্যক্রমের ভাতাভোগীদের ৪র্থ কিস্তির পে- রোল সম্পন্ন হয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার মৃত ব্যক্তিদের তালিকা ও তাদের স্থলে প্রতিস্থাপিত তালিকা প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত সভায় সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ। অত্র উপজেলার ক্যান্সার,কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগী ও থ্যালাসেমিয়া রোগীদের ২০২১-২০২২ অর্থবছরে প্রাপ্ত ১৫ টি চেক পাওয়া গেছে যা অদ্য বিতরণ করা হবে। নতুন আবেদন গ্রহণ পক্রিয়া চলমান আছে।<br>২। দারিদ্র্য বিমোচনঃ<br>ক্ষুদ্রঋণের আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায়ের হার সন্তোষজনক।<br>সেবা ও কমিউনিটি<br>০৩। সেবা ও কমিউনিটি ক্ষমতায়ন।<br>উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে অসহায় ও দরিদ্র রোগীদের সেবা প্রদান কাযক্রম চলমান আছে।<br>০৪। শিশু বিষয়কঃ<br>২৯/০৬/২০২২ ইং তারিখে উপজেলা শিশু কল্যাণ বোর্ডের সভা উপজেলা পরিষদ মিলনায়তন এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শিশুদের নিয়ে কাজ করে এমন এনজিওদের উপজেলা শিশু কল্যাণ বোর্ডের সাথে সমন্বয় সাধন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫। প্রতিবন্ধী বিষয়কঃ<br>প্রতিবন্ধী সনাক্তকরণ জরীপ কার্যক্রম চলমান আছে । প্রতি সোমবার এই কার্যক্রম পরিচালনা করা হয়। উখিয়া উপজেলার সকল ইউনিয়নের প্রতিবন্ধী ব্যক্তি, যাদের সুবর্ন নাগরিক কার্ড নাই তাদেরকে প্রতিবন্ধী সনাক্তকরণ জরীপের আওতায় নিয়ে আসার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬। সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশনঃ<br>সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশন স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। প্রবেশন কর্মকর্তা ও শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার সিদ্ধান্ত মোতাবেক শিশু আইন-২০১৩ এর ৪৮ ধারানুযায়ী গত মাসে আইনের সংস্পর্শে আসা ০১ জন শিশুকে "বিকল্প পন্থায়" পরিবারে পূণর্বাসন করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের আওতায় সকল কার্যক্রমের সেবা শতভাগ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উখিয়া। |
| ১৩. | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া জানান যে, দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ০৫টি ইউনিয়নে ২২৯২৪ জন ভাতাভোগীর মধ্যে জুন/২০২২ইং মাসের খাদ্য শস্য বিতরণ হয়েছে এবং ২০২২-২০২৩ অর্থ বছরের ভিজিডি বরাদ্দ আদেশ না পাওয়া জুলাই/২২ইং মাসের খাদ্য শস্য বিতরণ বন্ধ রয়েছে এবং স্মারক নং ৩২.০১.০০০০.০০৮.১৮.০২৪.১৭.৩৩ এর আলোকে ২০২২-২০২৩ অর্থ বছর হতে দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির নাম পরিবর্তে ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) নামটি লিখিত ও পঠিত বলে গণ্য হবে। ২০২০-২০২১ অর্থ বছরের উন্নত সংস্করণের মাতৃত্বভাতা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরের জুন/২২ইং মাস পর্যন্ত মোট ২০২৪ জন ভাতাভোগী অনলাইনে ডাটা করা হয়েছে এবং জুলাই/২২ ইং এবং আগষ্ট/২২ইং মাসে ভাতাভোগী অনলাইনে ডাটা এন্ট্রির কাজ চলমান হয়েছে। সেলাই (WTC) ৩০ জন প্রশিক্ষণার্থীদের জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২২ইং মাস পর্যন্ত ০৩(তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের ১৬ তম এবং ১৭তম ব্যাচের (২৫+২৫=৫০) জন ফ্যাশন ডিজাইন এবং ১৬তম এবং ১৭তম ব্যাচের (২৫+২৫=৫০) জন বিউটিফিকেশন প্রশিক্ষণার্থীদের জুলাই/২২ ইং হতে সেপ্টেম্বর/২২ইং মাস পর্যন্ত ০৩(তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া অত্র দপ্তরে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া। |
| ১৪. | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া সভায় বলেন<br>১। চলতি অর্থ বছরে ঋণ বিতরণঃ- প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণঃ- ১,০২,৮৮,০০০/-<br>৩। ক্রমপুঞ্জিত আদায়ঃ- ৮৩,০৫,৪৪৩/-<br>৪। ক্রমপুঞ্জিত আদায়ের হারঃ- ৯৮%<br>৫। চলতি মাসে চলমান আদায়ঃ- ১৯১,৯২৭/-<br>৬। চলমান আদায়ের হারঃ- ৮৮%<br>৭। প্রশিক্ষণ (২০২২-২০২৩অর্থবছরে) মোটঃ-প্রক্রিয়াধীন রয়েছে।<br>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এবং ঋণ আদায়ের হার শতভাগ উন্নীত করার জন্য জোর প্রচেষ্ঠা অব্যাহত আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া সভায় বলেন, তাঁর বাসভবনটি অনেক পুরাতন। ভবনের দরজা ও জানলাগুলো জরাজীর্ণ হয়ে ভগ্নপ্রায় অবস্থায় আছে। জরুরী ভিত্তিতে পুরাতন দরজা ও জানাল অপসারণ করে নতুন দরজা ও জানালা স্থাপন করতে হবে। তিনি উপজেলা পরিষদ বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ তহবিল হতে নতুন দরজা ও জানালা স্থাপন করার বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উখিয়া উপজেলা পরিষদের বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ তহবিল হতে ২০,০০০.০০ টাকা ব্যয়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জরাজীর্ণ দরজা ও জানালা স্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া সভায় বলেন, মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা'র স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১, তারিখ-০৪.০১.২০২১ খ্রিষ্টাব্দ মূলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে এ উপজেলায় ০৩টি গৃহ নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এতে ভ্যাট ও আইটি ব্যতীত প্রতিটি গৃহের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১,৭১,০০০.০০ টাকা। নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধির কারণে এ বরাদ্দ দিয়ে টেকসই গৃহ নির্মাণ করা সম্ভব নয়। এছাড়াও ২০২১-২২ অর্থবছরে মুজিব শতবর্ষে প্রতিটি গৃহ নির্মাণের জন্য ২,৫৯,৫০০.০০ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সে অনুযায়ী প্রতিটি গৃহ নির্মাণে ৮৮,৫০০.০০ টাকা হারে ০৩টি গৃহ নির্মাণে মোট ২,৬৫,৫০০.০০ টাকা ব্যয় অনুমোদন প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে অতিরিক্ত ব্যয় অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া |

সভাপতি অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৭/২০২২

অধ্যক্ষ হামিদুল হক চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
উখিয়া, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৯৪.০০০.০০১.০১৮.২০২২-৩১১

তারিখঃ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
০৭। ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
০৮। উপজেলা ............................................................ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার।
০৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), ............................................................ ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার।
১০। ............................................................................................................ উখিয়া, কক্সবাজার।
১১। অফিস কপি।

৩১/০৭/২২

ইমরান হোসাইন সজীব
উপজেলা নির্বাহী অফিসার
উখিয়া, কক্সবাজার।
মুঠোফোন-০১৭৩৩-৩৭৩২০৫

## পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিতির ক্রমানুসারে স্বাক্ষর (উপজেলা পরিষদ সাধারণ সভা), তারিখ- ৩১.০৭.২০২২ খ্রিস্টাব্দ

| ক্রঃ নং | উপস্থিতির নাম, পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০২ | জনাব কামরুননেছা বেবী, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৩ | জনাব জাহাঙ্গীর কবির চৌধুরী, চেয়ারম্যান, রাজাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৪ | জনাব প্রসেনজিৎ তালুকদার, উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৫ | জনাব এস.এম. ছৈয়দ আলম, চেয়ারম্যান, জালিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৬ | জনাব জনাব নুরুল হুদা, চেয়ারম্যান, রত্নাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৭ | জনাব স্বপন শর্মা রনি, প্যানেল চেয়ারম্যান হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৮ | জনাব জসীমুদ্দিন মোঃ ইউসুফ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৯ | জনাব মোহাম্মদ বদরুল আলম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১০ | জনাব আল মাহমুদ হোসেন, উপজেলা সমাজসেবা অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১১ | জনাব মোঃ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১২ | জনাব সুরজিৎ পরিয়াল, উপজেলা মৎস্য কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৩ | জনাব মোঃ সলিম উল্লাহ, উপজেলা সমবায় অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৪ | জনাব রোকনুজ্জামান খান, উপজেলা প্রকৌশলী, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৫ | জনাব ডা. মোঃ সাজেদুল ইমরান, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপেক্স, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৬ | জনাব মোঃ আল- আমিন বিশ্বাস, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৭ | জনাব মোক্তার আহমদ, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, উখিয়া, কক্সাবাজার | স্বাক্ষরিত/ |
| ১৮ | জনাব শিরিন ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৯ | জনাব মোঃ আব্দুল করিম, সমন্বয়কারী, একএকা ও পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২০ | জনাব গাজী মু. শফিউল আলম, রেঞ্জ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২১ | জনাব বাসু রাম দে, উপজেলা আনসার ভিডিপি অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২২ | জনাব গোপাল দাশ, পল্লী বিদ্যুৎ অফিস, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৩ | জনাব মির্জা শামীম উদ্দিন, সহঃ উপঃ যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৪ | জনাব মোঃ মহিউদ্দিন, জেলা সমন্বয়ক, UICDP | স্বাক্ষরিত/ |